



ব্যারোনেস হ্যালিট (Baroness Hallett) ইউকে কোভিড-19 ইনকোয়েরি-এর চেয়ার

মাননীয় প্রধানমন্ত্রী,

ইউকে কোভিড-19 ইনকোয়েরি - টার্মস অব রেফারেন্সের সুপারিশমালা

আপনি যখন আমাকে নিয়োগ করেছিলেন, তখন আপনি আমাকে খসড়া টার্মস অব রেফারেন্সের বিষয়ে জনসাধারণের সাথে পরামর্শ করতে বলেছিলেন এবং আপনি 10 মার্চ আমাকে সেগুলো সরবরাহ করেছিলেন। 11 মার্চ আমি সেই প্রক্রিয়াটি শুরু করি এবং আমার টিম ও আমি এখন আমাদের বিশ্লেষণ সম্পূর্ণ করেছি। আমি আমার প্রস্তাবিত টার্মস অব রেফারেন্স সংযুক্ত করছি, যা ইনকোয়েরির আলোচনার প্রতিক্রিয়াগুলোর বিশ্লেষণের ভিত্তিতে সংশোধন করা হয়েছে।

20,000 এরও বেশি ব্যক্তি এবং সংস্থা আলোচনায় সাড়া দিয়েছেন। চার সপ্তাহের আলোচনা চলাকালীন সময়ে, আমি 150 টিরও বেশি শোকাহত পরিবার এবং সংস্থার সাথে মিটিং করেছি যারা যুক্তরাজ্যের বিভিন্ন শহরে বিভিন্ন সেক্টরের প্রতিনিধিত্ব করে। আমি সরাসরি শূনি যুক্তরাজ্যের করোনভাইরাস মহামারীকে পরিচালনার বিষয়ে পুঙ্খানুপুঙ্খ তদন্ত কতটা গুরুত্বপূর্ণ। এই প্রক্রিয়াটি আমাকে খসড়া টার্মস অব রেফারেন্সের একটি তথ্যপূর্ণ এবং গঠনমূলক সমালোচনা প্রদান করেছে। এটি ইনকোয়েরির অংশ হওয়ার জন্য লোকেদের আবেগ প্রদর্শন করেছে এবং মূল্যবান শিক্ষা নেওয়াকে নিশ্চিত করতে আমার সাথে কাজ করার ইচ্ছাকে প্রকাশ করেছে।

আলোচনাটি এমন ক্ষেত্রগুলোকে প্রকাশ করেছে যেখানে টার্মস অব রেফারেন্সের উন্নতি করা যেতে পারে। আমি শিশু এবং তরুণ, যুক্তরাজ্যের জনসংখ্যার মানসিক স্বাস্থ্য ও সুস্থতা এবং রিজিওনাল, ডেভলপড এবং ন্যাশনাল গভর্নমেন্ট এবং স্বেচ্ছাসেবী ও কমিউনিটির মধ্যে সহযোগিতার উপর ফোকাস করার জন্য বাধ্যতামূলক যুক্তিগুলো শুনছি। তাই আমি আপনাকে এই সমস্যাগুলোকে অন্তর্ভুক্ত করার জন্য টার্মস অব রেফারেন্সকে বিস্তৃত করতে অনুরোধ করছি।


মহামারীর অসম প্রভাব ছিল একটি থিম যা আলোচনার প্রতিক্রিয়ায় দৃঢ়ভাবে এসেছিল। তাই আমি সুপারিশ করছি যে সম্ভাব্য বৈষম্যগুলোকে সামনে রাখার জন্য টার্মস অব রেফারেন্সকে পুনর্বিবেচনা করা হোক যাতে মহামারীর যেকোনো অসম প্রভাবের তদন্ত পুরো ইনকোয়েরির মাধ্যমে পরিচালিত হয়। এই গুরুত্বপূর্ণ সুপারিশটি নিশ্চিত করবে যে ইনকোয়েরিটি এর পদ্ধতির মধ্যেই অন্তর্ভুক্ত।

পরিশেষে, আমি আমাদের ফোকাসকে তীক্ষ্ণ করার জন্য আরো বেশ কিছু পরিবর্তনের প্রস্তাব করছি। বাড়িতে পরিচর্যা, রেগুলেটরি কন্ট্রোল, গার্হস্থ্য নির্যাতনের শিকারদের জন্য সহায়তা এবং 111 ও 999 সার্ভিসগুলোসহ NHS-এর সাথে প্রথমেই যোগাযোগ করাসহ, এই পরিবর্তনগুলো বেশ কিছু গুরুত্বপূর্ণ ক্ষেত্রের সাথে সম্পর্কিত।

আমি বিশ্বাস করি এই পরিবর্তনগুলো নিশ্চিত করবে যে কোভিড-19 মহামারীর ব্যাপারে যুক্তরাজ্যের প্রস্তুতি এবং প্রতিক্রিয়াকে পরীক্ষা করা, এবং ভবিষ্যতের জন্য শিক্ষা নেওয়ার জন্য ইনকোয়েরি যেন এর উদ্দেশ্য সর্বোত্তমভাবে পূরণ করতে পারে।

আমি আশা করি যে আপনি আমার সুপারিশগুলোকে সম্পূর্ণরূপে গ্রহণ করবেন। এটি করা তাদের সকলের গুরুত্বপূর্ণ অবদানকে স্বীকৃতি দেবে যারা ইনকোয়েরির পাবলিক কনসাল্টেশনে অংশ নিয়েছিল এবং এটি দ্রুত করা নিশ্চিত করবে যে ইনকোয়েরির বিলম্ব না করে এর আনুষ্ঠানিক কাজ শুরু করতে পারে।

আপনার একান্ত অনুগত,



The Rt Hon Baroness Hallett DBE PC

সংযুক্তি: টার্মস অব রেফারেন্সের প্রস্তাবিত সংশোধনী